**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল মাদকাসক্তি চিকিৎসার জন্য মোবাইল মেডিকেশন ইউনিট স্থাপন করার জন্য 1.6 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

***মোবাইল মেডিকেশন ইউনিট মানুষকে একটি গতানুগতিক ফ্যাসিলিটির বাইরেও মাদকাসক্তির চিকিৎসার ঔষধ পেতে দিবে***

***MMU নিউ ইয়র্ক স্টেটে এধরনের প্রথম কর্মসূচি***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের আটটি মাদকাসক্তি সেবাদানকারীদের মোবাইল মেডিকেশন ইউনিট (Mobile Medication Unit, MMU) স্থাপন করার জন্য 1.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। ইউনিটগুলি মাদকাসক্তি চিকিৎসার ঔষধ প্রদান করবে, যার মধ্যে থাকবে মেথাডোন এবং বিউপ্রেনরফিন, যার ফলে মানুষেরা ইটপাথরের ফ্যাসিলিটিতে না গিয়েই এইসব ঔষধ পেতে পারবে। এগুলি নিউ ইয়র্ক স্টেটের প্রথম MMU হবে এবং সম্ভব হচ্ছে একটি ফেডারেল ড্রাগ এনফোর্সমেন্ট প্রশাসনিক (Federal Drug Enforcement Administration) আইন পরিবর্তনের কারণে যা বিদ্যমান আফিম চিকিৎসা কর্মসূচি প্রদানকারীদের (Opioid Treatment Program Providers) দ্বারা এগুলি পরিচালিত করার অনুমতি দেয়।

"অনেক বেশি নিউ ইয়র্কবাসীর মতো, আমার পরিবারও মাদকাসক্তির সাথে লড়াইয়ে এক প্রিয়জনকে হারিয়েছে," **গভর্নর হোকল বলেন।** "মাদকাসক্তিকে ভুগতে থাকা মানুষ ও সম্ভাব্য জীবনরক্ষাকারী চিকিৎসার মধ্যে শারীরিক দূরত্ব বা পরিবহনের অভাব কখনোই আসা উচিত না। এধরনের প্রথম এই কর্মসূচিটি সমর্থন সন্ধানীদের জন্য সংস্থানের প্রতিবন্ধকতা দূর করবে এবং এটি এই জনস্বাস্থ্য সঙ্কট কাটিয়ে উঠার একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।"

**অ্যাডিকশন সার্ভিসেস এবং সাপোর্টস অফিসের (Office of Addiction Services and Supports) কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন,** "মাদকাসক্তির প্রয়োজনীয় সেবা, যেমন মেথাডোনের মতো জীবনরক্ষাকারী ঔষধ পাওয়ার ক্ষেত্রে পরিবহনের অভাব বা চিকিৎসা কেন্দ্র থেকে দূরত্বের প্রতিবন্ধকতা হিসেবে কাজ করা উচিত না। নতুন এই মোবাইল মেডিকেশন ইউনিটগুলি সার্বিক মাদকাসক্তি সেবা প্রদান করবে এবং যাদের প্রয়োজন তাদের কাছে সরাসরি জরুরি সাহায্য নিয়ে আসবে,তাদেরকে তাদের সেরে উঠার ক্ষেত্রে জরুরি সাহায্য পাওয়ার একটি সুযোগ প্রদান করবে।"

MMUগুলি এমনভাবে নকশা করা হয়েছে যাতে গতানুগতিক চিকিৎসা পেতে প্রতিবন্ধকতার সম্মুখীন হওয়া মানুষদের সাহায্য করতে পারে, যেমন একটি আফিম চিকিৎসা কেন্দ্র (Opioid Treatment Facility) থেকে ভৌগলিক দূরত্ব, বা নির্ভরযোগ্য পরিবহনের অভাব। মোবাইল ইউনিটগুলি যে সেবা প্রদান করবে তার মধ্যে থাকবে ভর্তির জন্য যাচাইকরণ এবং মেডিকেশন প্রদান শুরু করা, মেডিকেশন পরিচালনা ও পর্যবেক্ষণ, টক্সিকলোজি পরীক্ষা, এবং অন্যান্য চিকিৎসা সেবা। তারা পুরো স্টেটের বিভিন্ন সেবাদানকারী প্রদত্ত ইতিমধ্যে বিদ্যমান থাকা মোবাইল সেবার সম্পূরক হিসেবে কাজ করবে, যেমন যাচাই, কাউন্সেলিং, মাদকাসক্তির চিকিৎসা, টেলিপ্র্যাকটিস, এবং পরিবহন সেবা।

নিউ ইয়র্ক স্টেটকে কর্মসূচিগুলির তহবিল প্রদান করেছে ফেডারেল মাদকাসক্তি প্রতিরোধ এবং চিকিৎসা ব্লক অনুদান (Federal Substance Abuse Prevention and Treatment Block Grant) এবং এটি নিউ ইয়র্ক স্টেট অ্যাডিকশন সার্ভিসেস এবং সাপোর্টস অফিসের পরিচালিত একটি প্রতিযোগিতামূলক অনুদান প্রক্রিয়ার মাধ্যমে বিতরণ করা হচ্ছে।

**প্রতিনিধি ইভেট ক্লার্ক বলেন,** "আমাদের সম্প্রদায়কে কলুষিত করা মাদকাসক্তির সঙ্কট তখনই শেষ হবে যখন আমরা এই মারাত্মক ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের প্রয়োজনীয় সাহায্য করার জন্য মুখ্য বিনিয়োগ করবো। সৌভাগ্যবশত, আমাদের স্টেট মাদকাসক্তি নিয়ে সংগ্রাম করতে থাকাদের সুস্থ করার জন্য অতিরিক্ত সংস্থান প্রদান করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে। মোবাইল মেডিকেশন ইউনিটসমূহের জন্য মোট 1.6 মিলিয়ন মার্কিন ডলারের এইসব রূপান্তরকারী অনুদান প্রদানে গভর্নরের ঘোষণা দ্বারা নিউ ইয়র্ক আরেকবার আফিম আসক্তি এবং অন্যান্য মাদকাসক্তির সঙ্কটে ভুগতে থাকা সম্প্রদায়সমূহকে সাহায্য করার প্রতিশ্রুতি জোরদার করলো। যেমনটি আমি সবসময় বলে আসছি, আমরা যদি আমাদের সম্প্রদায়সমূহে বিনিয়োগ করি, তাহলে আমরা আমাদের ভবিষ্যতে বিনিয়োগ করবো। ব্রুকলিনবাসীদের জন্য আমি যেই 17.7 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছি সেইরকম সম্প্রদায় প্রকল্পের মিলিয়ন মিলিয়ন ডলারের সাথে যুক্ত হয়ে আজকের ঘোষণাটি জোরালোভাবে জানায় যে নিউ ইয়র্কের ভবিষ্যৎ নিঃসন্দেহে উজ্জ্বল। আমি এই গুরুতর বিষয়ের পক্ষে কথা বলার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি, এবং আমি আগামী বছরগুলিতে নিউ ইয়র্কের উন্নতির জন্য আমাদের এক প্রচেষ্টায় তার প্রশাসনের সাথে কাজ করার জন্য উন্মুখ।"

**প্রতিনিধি পল টঙ্কো বলেন,** "এমন একটি মুহূর্তে, যখন আমরা প্রতি বছর ওভারডোজে 100,000-র বেশি আমেরিকানকে হারাচ্ছি, তখন আমাদেরকে অবশ্যই মাদকাসক্তির ব্যাধির সাথে লড়াই করার জন্য এবং সংগ্রামরত সকলকে আশা প্রদানের জন্য জরুরি ও অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে হবে। সঙ্কটটি সামনে আনতে আমি সংসদে লড়াইয়ে নেতৃত্ব দিয়েছি এবং আমি ফেডারেল মাদকাসক্তি প্রতিরোধ ও চিকিৎসা ব্লক অনুদান কর্মসূচির তহবিলে আমার কাজ নিয়ে গর্বিত। আমি আমাদের নিউ ইয়র্ক সম্প্রদায়সমূহের জন্য সরাসরি মাদকাসক্তি সেবা প্রদান করার ক্ষেত্রে তার নেতৃত্বের জন্য এবং আমাদের প্রিয়জন ও প্রতিবেশীদের কাছে যাতে তাদের প্রয়োজনীয় জীবনরক্ষাকারী সমর্থন ও চিকিৎসা থাকে তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিম্নলিখিত সেবাদানকারীদের প্রত্যেকে কর্মসূচিটির মাধ্যমে 200,000 মার্কিন ডলার পাবে:

**রাজধানী অঞ্চল**

- PROMESA, ইনকর্পোরেটেড (PROMESA, Inc.)

**সেন্ট্রাল NY**

- হেলিও হেলথ, ইনকর্পোরেটেড (Helio Health, Inc.)

**ফিঙ্গার লেকস**

- স্ট্রং মেমোরিয়াল হাসপাতাল (Strong Memorial Hospital)

**মোহক ভ্যালি**

- হেলিও হেলথ, ইনকর্পোরেটেড

**নিউ ইয়র্ক সিটি**

- ভোকেশনাল ইন্সট্রাকশন প্রকল্প (Vocational Instruction Project, VIP) কমিউনিটি সার্ভিসেস, ইনকর্পোরেটেড

**নর্থ কাউন্টি**

- ক্রেডো কমিউনিটি সেন্টার ফর দ্য ট্রিটমেন্ট অফ অ্যাডিকশনস, ইনকর্পোরেটেড (Credo Community Center for the Treatment of Addictions, Inc.)

**সাদার্ন টিয়ার**

- ইথাকা আলফা হাউজ সেন্টার ইনকর্পোরেটেড DBA কাইয়ুগা অ্যাডিকশন রিকভারি সার্ভিসেস (Ithaca Alpha House Center Inc. DBA Cayuga Addiction Recovery Services)

**ওয়েস্টার্ন NY**

- বেস্টসেলফ বিহেভিওরাল হেলথ, ইনকর্পোরেটেড (BestSelf Behavioral Health, Inc.)

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের একটি শীর্ষস্থানীয় চিকিৎসার ধারাবাহিকতা তৈরি করেছে। স্টেট ঐতিহ্যবাহী পরিষেবাগুলিতে অ্যাক্সেস প্রসারিত করার জন্য কাজ করেছে, যার মধ্যে রয়েছে ক্রাইসিস সার্ভিস, ইনপেশেন্ট, বহির্বিভাগের রোগী এবং আবাসিক চিকিৎসা কার্যক্রম, সেই সাথে আসক্তির চিকিৎসার জন্য ওষুধ, এবং ভ্রাম্যমান চিকিৎসা ও পরিবহন পরিষেবা।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) এর সদস্য ছিলেন যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, চিকিৎসা উদ্ভাবনী কেন্দ্র, মাদক ব্যবহারকারীর স্বাস্থ এবং 24/7 খোলা থাকে এমন কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জনরা সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

আপনি, অথবা আপনার প্রিয়জন, যদি চিকিৎসা সংক্রান্ত বীমা বাধার সম্মুখীন হন অথবা একটি অস্বীকৃত দাবির জন্য আবেদন দাখিল করার জন্য সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে ফোনে যোগাযোগ করুন অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418